# সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়

সারিয়াকান্দি,বগুড়া।

স্থাপিতঃ ১৯৯৯ ইং।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ফোন: ০২৫৮৯৯০৯৯৮৬

E-mail:sariakandipourasava@gmail.com

Web:www.sariakandipourashava.gov.bd

স্মারক নং-সাকাপ:/প্রঃ বি:/২০২৪/২০৯

তারিখঃ ১৯-০৬-২০২৪ ইং।

## টিএলসিসি (TLCC) কমিটির সভার নোটিশ

### সভা নং-১৩

এতদ্বারা সারিয়াকান্দি পৌরসভার টিএলসিসি (TLCC) কমিটির সকল সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৩-০৬-২০২৪ ইং তারিখে রোজ-রবিবার, সময়-সকাল: ১০.০০ ঘটিকার সময় অত্র সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়ে সভা আহ্ববান করা হয়েছে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হইল।

**আলোচ্য সুচিঃ**

১। বিগত সভার সিদ্ধান্ত সমূহ পাঠ ও অনুমোদন।
২। পৌর ভবন নির্মানের ভিত্তি প্রস্তর স্থাপন প্রসঙ্গে আলোচনা।
৩। WC মিটিং এর ওয়ার্ড ভিত্তিক প্রস্তাবিত আলোচনার উপর সিদ্ধান্তগ্রহন প্রসঙ্গে আলোচনা।
৪। উন্নয়ন মূলক আলোচনা।
৫। রাজস্ব আয় বৃদ্ধি করণ সম্পর্কে আলোচনা।
৬। ২০২৪-২০২৫ অর্থ বছরের পৌরসভার বাজেট সম্পর্কে আলোচনা।
৭। IUGIP প্রকল্প থেকে প্রাপ্ত ডাষ্টবিন বিতরণ প্রসঙ্গে আলোচনা।
৮। UGIAP বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা।
৯। বিবিধ।

(মোঃ মতিউর রহমান)
সভাপতি (টিএলসিসি) ও
মেয়র
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

প্রাপক:

জনাব-----------------------------------------------
টিএলসিসি(TLCC) কমিটির সদস্য, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

(মোঃ মতিউর রহমান)
সভাপতি (টিএলসিসি) ও
মেয়র
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

# সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়
## নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)
## নগর সমন্বয় কমিটি (TLCC) এর ১৩ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী
## এপ্রিল থেকে জুন /২০২৪ ইং

সভার স্থান ঃ সারিয়াকান্দি পৌরসভা কার্যালয় চত্বর
সভার তারিখ ঃ ২৩/০৬/২০২৪
সময় ঃ সকাল- ১০.০০ ঘটিকা।
সভাপতি ঃ মোঃ মতিউর রহমান, মেয়র, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

সভার শুরুতেই সভাপতি মহোদয় নগর সমন্বয় কমিটি (TLCC)-এর সম্মানিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

**আলোচ্য সূচী - ১ ঃ গত সভার কার্যবিবরনী পঠন ও দৃঢ়করণ।**

| বিগত সভার কার্য বিবরণী পাঠ | কার্য বিবরণী সঠিকভাবে লিখিত হওয়া বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| অত্র পৌরসভার মেয়র ও TLCC সভাপতি মহোদয়ের নির্দেশে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ শহিদুল ইসলাম গত ০৮/০২/২০২৪ ইং তারিখের সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শোনান। | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ কার্য বিবরণী'তে সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে। | কোন সংশোধনী নেই। | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো। |

**আলোচ্য সূচী - ২ ঃ পৌর ভবন নির্মানের ভিত্তি প্রস্তর স্থাপন প্রসঙ্গে আলোচনা।**

| আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| অদ্যকার সভার TLCC সভাপতি ও মেয়র সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া মহোদয় সভা কে অবহিত করেন যে, সারিয়াকান্দি পৌর ভবন নির্মানের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক ৪,৬০,০০,০০০/-(চার কোটি ষাট লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। যাহার টেন্ডার প্রক্রিয়া শেষ করে ঠিকাদার নির্বাচন করা হইয়াছে। অদ্য ২৩/০৬/২০২৪ ইং তারিখে মাননীয় জাতীয় সংসদ সদস্য বগুড়া-০১ ও সারিয়াকান্দি উপজেলা পরিষদের সন্মানিত চেয়ারম্যান মহোদয় এর উপস্থিতি তে ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। | সভায় বিষয়টি লইয়া প্রধান অতিথী জনাব সাহাদারা মান্নান মাননীয় জাতীয় সংসদ সদস্য বগুড়া-০১, বিশেষ অতিথী জনাব সাখাওয়াত হোসেন সজল, চেয়ারম্যান, সারিয়াকান্দি উপজেলা পরিষদ, বগুড়া, জনাব আব্দুর রশীদ ফারাজী, সদস্য TLCC সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া, মেয়র , সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া সহ কমিটির অন্যান্য সদস্য গন সভায় বিভিন্ন বক্তব্য রাখেন সেই সঙ্গে মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা , স্থানীয় সরকারের | সভায় সার্বিক আলোচনার পর সারিয়াকান্দি পৌরভবন নির্মানে সঠিক তদারকির মাধ্যমে পৌর ভবনের প্লান, ডিজাইন, স্পেসিফিকেশন, প্রাক্কলন মোতাবেক বাস্তবায়নের জন্য সারিয়াকান্দি পৌরসভার সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী সহ প্রকৌশল শাখার সকল কর্মকর্তা কর্মচারী গণের মাধ্যমে সারিয়াকান্দি পৌরভবন নির্মান কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্ব্ব সম্মতিক্রমে গৃহিত হয়। যাহ পরবর্তিতে পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপনের জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে দায়িত্ব করা হয়। | মেয়র/সহকারী প্রকৌশলী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। |

| | | | |
|---|---|---|---|
| | মাননীয় মন্ত্রী, প্রতি মন্ত্রী, স্থানীয় সরকার মন্ত্রনালয়ের দপ্তরের সচিব গন সহ দপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে সারিয়াকান্দি পৌরসভাকে একটি মডেল পৌরসভা হিসেবে গঠনের জন্য সকল অতিথি ও সদস্য গন একমত পোষন করেন। | | |

**আলোচ্য সুচি নং ০৩ ঃ WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) মোতাবেক ।**

| আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| অদ্যকার সভায় TLCC সভাপতি ও মেয়র সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া মহোদয় সভা কে অবহিত করেন যে, সারিয়াকান্দি পৌরসভার WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) মোতাবেক ত্রৈ-মাসিক ভিত্তিতে WC সভা গত ২৯/০৫/২০২৪ তারিখ হইতে ০৩/০৬/২০২৪ ইং তারিখ পর্যন্ত ৯টি ওয়ার্ডের সভা করা হয়েছে। সভায় প্রতিটি ওয়ার্ডের WC সদস্য গনের বক্তব্যে ওয়ার্ডের নানাবিধ সমস্যা তুলে ধরেন। | সারিয়াকান্দি পৌরসভার ০৯টি ওয়ার্ডের অনুষ্ঠিত WC সভায় এলাকার উন্নয়নের জন্য রাস্তাঘাট নির্মান, ড্রেন নির্মান, ডাষ্টবিন নির্মান, সুপ্রিয় পানি সরবরাহের ব্যবস্থা গ্রহন সহ বিভিন্ন উন্নয়ন মূলক কাজের WC সভার সুপারিশ সমূহ TLCC এর সভায় পর্যালোচনা শেষে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | WC সভার কার্যবিবরণী আগামী ১৫/০৬/২০২৪ ইং তারিখের মধ্যে প্রস্তুত করে সচিব এর নিকট জমা প্রদান করবেন। অতঃপর সদস্যদের মধ্যে বিতরণ এবং PMO-তে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>আগামী WLCC এর সভা ত্রৈ-মাসিক ভিত্তিতে ৯টি ওয়ার্ডের কোয়ার্টারের সভা আগামী আগষ্ট-সেপ্টেম্বর/২০২৪ মাসের মধ্যে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-সহকারী প্রকৌশলী |

**আলোচ্য সুচি ০৪ ঃ উন্নয়ন মূলক কাজের আলোচনা।**

| আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| অদ্যকার সভার সভাপতি ও মেয়র সারিয়াকান্দি পৌরসভা বগুড়া সভায় জানান যে নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এর আওতায় সারিয়াকান্দি পৌরসভা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য দুইটি প্যাকেজের জন্য ২১,০০,০০,০০০/- (একুশ কোটি ) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। যাহার প্রকল্প বাছাই করে প্রাক্কলন প্রস্তুত করে টেন্ডার আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে ঠিকাদার নির্বাচন করে ২টি প্যাকেজের কাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়ন যথা শিঘ্রই করা হবে। | ০২টি প্যাকেজে প্যাকেজ নং ০১ রাস্তা ৬টি, ড্রেন ৩টি মোট ০৯টি স্কিমে ১১,৪৪,৫৭,০১১.৪৫ টাকা(এগার কোটি চুয়াল্লিশ লক্ষ সাতান্ন হাজার এগার টাকা পয়তাল্লিশ পয়সা এবং প্যাকেজ নং ০২ তে রাস্তা ৩টি ও ড্রেন ৪টি মোট ৭টি স্কিমে ১০,৬৪,৯১,১৪৪.০৪(দশ কোটি চৌষট্টি লক্ষ একানব্বই হাজার একশত চুয়াল্লিশ টাকা চার পয়সা, সর্ব মোট ২২,০৯,৪৮,১৫৫.৪৯ (বাইশ কোটি নয় লক্ষ আটচল্লিশ হাজার একশত পঞ্চান্ন টাকা উনপঞ্চাশ পয়সা ব্যয়ে পকল্প বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হইয়াছে। | প্যাকেজ ০২টি কাজ বাস্তবায়ন এবং ঠিকাদার নির্বাচনের জন্য বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনে আগামী ১৫/০৭/২০২৪ ইং তারিখের মধ্যে পত্রিকায় প্রকাশের জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। | সহকারী প্রকৌশলী |

আলোচ্য সুচি নং ০৫ ঃ পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি প্রসঙ্গে আলোচনা।

| আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
| --- | --- | --- | --- |
| ১ | ২ | ৩ | ৪ |
| অদ্যকার সভার সভাপতি ও মেয়র সারিয়াকান্দি পৌরসভা বগুড়া সভায় জানান যে, পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স, ঠিকাদরী লাইসেন্স ফি, অন্যান্য ফিস আদায়ের পাশাপাশি পৌরসভার নিজস্ব অর্থায়নে পৌর মার্কেট নির্মান, বিনোদন কেন্দ্র ও পৌর পার্ক নির্মান করা প্রয়োজন। | সারিয়াকান্দি পৌরসভা এলাকায় বসবাসকারী বেশির ভাগ জনগণের আয় সীমিত বিধায় পৌরবাসীর উপর বাড়তি কর আরোপ না করে 'পৌরকর তফসিল ২০১৪' ধার্যকৃত পরিমাণে কর আদায় কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে শুধুমাত্র সরকারের উপর ভরসা করতে না হয়। ট্রেড লাইসেন্স, ঠিকাদরী লাইসেন্স ফি, অন্যান্য ফিস এর পাশাপাশি পৌরসভার স্থায়ী আয়ের উৎস সৃষ্টি করে রাজস্ব আয় বৃদ্ধি করার লক্ষে ইতি মধ্যে পৌরসভার নিজস্ব অর্থায়নে আমরা ১টি পৌর মার্কেট নির্মান করেছি এবং ব্যবসায়ীদের মাঝে দোকান ঘর বরাদ্দ দিয়েছি। আরও ০২টি পৌর মার্কেট নির্মান কাজ প্রায় ৫০% সম্পন্ন হয়েছে। মার্কেট ০২টির কাজ সমাপ্ত করে ব্যবসায়ীদের মাঝে দোকান ঘর গুলি বরাদ্দ দিতে পারলে পৌরসভার প্রায় প্রতি মাসে ১,২৫,০০০/- টাকা রাজস্ব আয় হবে। রাজস্ব আয় বৃদ্ধি না হলে নাগরিক সেবা সুনিশ্চিত করা সম্ভব নয়। | চলতি ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের মধ্যে০২টি পৌর মার্কেটের নির্মান কাজ শেষ করে স্থানীয় ব্যবসায়ীদের মাঝে দোকান ঘর গুলি বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত অদ্যকার সভায় সর্ব্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী , সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। |

আলোচ্য বিষয় নং ০৬ ঃ সারিয়াকান্দি পৌরসভার ২০২৪ - ২০২৫ অর্থ বছরের বাজেট প্রসঙ্গে আলোচনা।

| আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য বৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে অবগত করেন যে, পৌর পরিষদের ২৬ তম বাজেট উপস্থাপন হতে যাচ্ছে। পৌর নাগরীক সুবিধা নিশ্চিত করনে কোবিট উনিষ মোকাবেলা বাজেটে নাগরীক সুবিধার দিক সতর্কভাবে তুলে ধরা হয়েছে। যেহেতু অত্র পৌরসভাটি একটি নদী তীরবর্তী একটি পৌরসভা, সে কারনে প্রতি বছর বন্যায় ও অতি বৃস্টি জনিত কারনে পৌর এলাকার রাস্তাঘাট ভেঙ্গে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি করে। পৌরসভা একটি নাগরিক সেবামূলক প্রতিষ্ঠান যার মূল লক্ষ্য হলো জনসেবা। জনসেবা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় আর্থিক স্বচ্ছলতা অত্র পৌরসভার নেই। শুধুমাত্র পৌর করের উপর ভিত্তি করে এলাকার রাস্তাঘাট, ড্রেনেজ ব্যবস্থা, স্বাস্থ্যসেবা, বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা, কোভিট-১৯ মোকাবেলা ইত্যাদি করা সম্ভব নয়। এমতাবস্থায় বর্তমান সরকারের নিকট প্রয়োজনীয় আর্থিক বরাদ্দের জন্য সভা হতে অনুরোধ জানানো হয়। | সারিয়াকান্দি পৌরসভার খসড়া বাজেট উপস্থাপনের পর বিস্তারিত আলোচনা অন্তে উপস্থাপিত খসড়া বাজেটের বিভিন্ন আয় ও ব্যয় খাতে কতিপয় সংশোধনর আনায়ন পূর্বক চলতি মে/২০২৪ পর্যন্ত খাত ভিত্তিক প্রকৃত আয়, (২০২৩-২০২৪) অর্থ বছরের সংশোধিত বাজেট এর রাজস্ব খাতে পূর্ববর্তী (২০২২-২০২৩) অর্থ বছরের সমাপনী জের সহ সর্বমোট সংশোধিত প্রকৃত আয় ২,৫৫,৩৬,০৮৬.০০ টাকা এবং সংশোধিত সর্বমোট প্রকৃত ব্যয় ২,২১,০৫,৬৮০.০০ টাকা এবং উন্নয়ন খাতে সংশোধিত সর্বমোট প্রকৃত আয় ৩০,৪০,১৪,৮২০.০০ টাকা এবং সমপরিমান ব্যয় ধরিয়া রাজস্ব ও উন্নয়ন খাতে মোট সমাপনী স্থিতি ৩৪,৩০৪০৬.০০ টাকা ধার্যক্রমে চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে মে/২০২৪ পর্যন্ত প্রকৃত (রাজস্ব+ উন্নয়ন) ৩২৯৫৫৪৯০৬.০০ টাকার সংশোধিত আয়-ব্যয়ের বাজেট চূড়ান্ত করা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরের সমাপনী জের সহ আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব খাতে সম্ভব্য সর্বমোট আয় ২,৫৮,৯৪,৩৬১.০০ টাকা এবং সম্ভাব্য সর্বমোট ব্যয় ২,২৪,২৯,০০০.০০ টাকা এবং রাজস্ব খাতে সমাপনী স্থিতি ৩৪,৬৫,৩৬১.০০ টাকা এবং উন্নয়ন খাতে সমাপনী স্থিতি শূন্য টাকা সহ মোট সমাপনী স্থিতি ৩৪,৬৫,৩৬১.০০ ধরে উন্নয়ন খাতে সম্ভব্য সর্বমোট আয় ৪৫,১৫,৩৪,৯৫৫.০০ টাকা এবং সমপরিমান ব্যয় ধরিয়া আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য সর্বমোট (রাজস্ব+উন্নয়ন) ৪৭,৭৪,২৯,৩১৬.০০ টাকা প্রস্তাবিত বাজেট সর্ব সম্মতিক্রমে চূড়ান্ত করা হয় এবং উক্ত প্রস্তাবিত বাজেট অনুমোদন এর জন্য ৩০/০৬/২০২৪ ইং তারিখের মধ্যে পৌরপরিষদের মাসিক সভায় অনুমোদন লইয়া স্থানীয় সরকার বিভাগে প্রেরনের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র/ পৌর নির্বাহী কর্মকর্তা |

**আলোচ্য সূচী - ৭ঃ IUGIP প্রকল্প থেকে প্রাপ্ত ডাষ্টবিন বিতরণ প্রসঙ্গে আলোচনা।**

| আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে অবগত করেন যে, **IUGIP প্রকল্প** হতে প্রাপ্ত ডাষ্টবিন, বর্জ্য সংগ্রহ ও বহনকারী থ্রি হুইলার ভ্যান গাড়ী যাহা পৌর এলাকার ভিতরে জনগুরুত্বপূর্ণ স্থানে এবং বাড়ীতে স্থাপন করা সাপেক্ষে প্রতিনিয়ত ভ্যান গাড়ী দ্বারা সংগ্রহ করে নির্দিষ্ট স্থানে ফেলা হবে। এতে করে পরিবেশের ভারসাম্য রক্ষা পাবে বলে সভায় উত্থাপন করেন। | সারিয়াকান্দি পৌরসভার ০৯টি ওয়ার্ডে IUGIP প্রকল্প **হতে প্রাপ্ত ডাষ্টবিন** স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। | সারিয়াকান্দি পৌরসভার ০৯টি ওয়ার্ডে IUGIP প্রকল্প **হতে প্রাপ্ত ডাষ্টবিন ষ্টক রেজিষ্টারে হিসাব ভুক্ত করে** স্থাপনের কাজ প্রক্রিয়াধীন যাহা পরবর্তীতে সময়সূচী অনুযায়ী বাস্তবায়ন করা হবে। | মেয়র/ পৌর নির্বাহী কর্মকর্তা |

**আলোচ্য সূচী - ৮ঃ UGIAP বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা।**

**ক্ষেত্র-১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ।**

| ক্রমিক নং | কর্ম তৎপরতা | বাস্তবায়নের সময়সূচী | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ক) | TLCC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা) | ত্রৈ-মাসিক ভিত্তিতে নিয়মিত সভা অনুষ্ঠান। | TLCC সভার কার্য বিবরণী পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা গত ১৫/০২/২০২৪ তারিখের মধ্যে প্রস্তুত করে সদস্যদের মধ্যে বিতরণ এবং PMO-তে প্রেরণ করা হয়েছে। | ত্রৈ-মাসিক ভিত্তিতে TLCC সভা যথাসময়ে অনুষ্ঠান করা হয়েছে এবং সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। বর্তমান TLCC সভার কার্যবিবরণী আগামী ৩০/০৬/২০২৪ ইং তারিখের মধ্যে প্রস্তুত করে PMO-তে প্রেরণ করা হবে। | পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে TLCC সভার কার্য বিবরণী প্রস্তুত করে সদস্যদের মধ্যে বিতরণ এবং আগামী ০৫/০৭/২০২৪ ইং তারিখের মধ্যে PMO-তে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>আগামী TLCC সভা ত্রৈ-মাসিক ভিত্তিতে জুলাই থেকে সেপ্টেম্বর/২০২৪ কোয়ার্টারের সভা সেপ্টেম্বর/২০২৪ মাসের ৩য় সপ্তাহের মধ্যে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |
| খ) | WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | ত্রৈ-মাসিক ভিত্তিতে নিয়মিত সভা অনুষ্ঠান। | WC সভার কার্য বিবরণী সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব ২০/০২/২০২৪ ইং তারিখের মধ্যে প্রস্তুত করে | ত্রৈ-মাসিক ভিত্তিতে WC সভা গত ২৯/০৫/২০১৭ তারিখ হতে ০২/৬/২০২৪ তারিখ পর্যন্ত ৯টি ওয়ার্ডের সভা করা হয়েছে।<br>WC সভার সুপারিশ সমূহ TLCC এর সভায় | WC সভার কার্যবিবরণী আগামী ২২/০৬/২০২৪ তারিখের মধ্যে প্রস্তুত করে সচিব এর নিকট জমা প্রদান করবেন। অতঃপর সদস্যদের মধ্যে বিতরণ এবং | উপ-সহকারী প্রকৌশলী |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | সচিব এর নিকট জমা প্রদান করেছেন অতঃপর সদস্যদের মধ্যে বিতরণ এবং PMO-তে প্রেরণ করা হয়েছে। | পর্যালোচনা শেষে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | PMO-তে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। আগামী WLCC এর সভা ত্রৈ-মাসিক ভিত্তিতে ৯টি ওয়ার্ডের জুলাই-সেপ্টেম্বর/২০২৪কোয়ার্টারের সভা আগামী সেপ্টেম্বর/২০২৪ ইং মাসের মধ্যে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| গ) | নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | ০২ এপ্রিল ২০২৪ তারিখ হতে বাস্তবায়ন। | পৌরসভা চত্বরসহ অতি দ্রুত প্রত্যেক ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে নাগরিক সনদ প্রদর্শন এবং জেলা সদরে অবস্থিত সকল সরকারী/বে-সরকারী অফিস আদালতে বহুল প্রচারের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০২-০৪-২০২৪ ইং তারিখের প্রদর্শিত নাগরিক সনদ (সিটিজেন চার্টার) PMO হতে প্রেরণকৃত নমুনা অনুসারে হাল নাগাদ করে গত ৩০/৬/২০২৪ ইং তারিখের মধ্যে পৌরসভার ৩টি গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানো ও তার ছির ফটোকপি পাঠানো হয়েছে। অতপর হাল নাগাদকৃত নাগরিক সনদ স্থানীয় ভোরের দর্পন পত্রিকায় ১৩/১০/২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে এবং লিফলেট আকারে পৌর নাগরিকদের মাঝে প্রচার করা হয়েছে। | TLCC এর সম্মানিত সদস্য সচিব জনাব মোঃ শহিদুল ইসলাম, সহকারী প্রকৌশলী ও পি এন ও (ভারপ্রাপ্ত) জানান যে, ০২-০৪-২০২৪ ইং তারিখের প্রদর্শিত নাগরিক সনদ (সিটিজেন চার্টার) PMO হতে প্রেরণকৃত নমুনা অনুসারে হাল নাগাদ করে গত ৩০/০৪/২০২৪ ইং তারিখের মধ্যে পৌরসভার ৩টি গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানো ও হাল নাগাদকৃত নাগরিক সনদ স্থানীয় ভোরের দর্পন পত্রিকায় ১৩/১০/২০২৩ ইং তারিখে প্রকাশ করে, লিফলেট আকারে পৌর নাগরিকদের মাঝে প্রচার করা হয়েছে এবং এ ধারা অব্যাহত থাকবে। | সমাজ উন্নয়ন কর্মকর্তা |
| ঘ) | তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা) | মাসিক/ ত্রৈ-মাসিক ভিত্তিতে নিয়মিত সভা অনুষ্ঠান। | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল সভার কার্য বিবরণী সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব চলতি কোয়ার্টারে TLCC সভার পূর্বে প্রস্তুত করে সচিব এর নিকট জমা প্রদান করেছেন। অতঃপর সদস্যদের মধ্যে বিতরণ এবং PMO-তে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। | এপ্রিল-জুন/২০২৪ ইং কোয়ার্টারে পৌরসভার বিভিন্ন ওয়ার্ড হতে ৩৩ টি লিখিত আবেদন পাওয়া যায়। এর মধ্যে মহিলা ১১ টি, পুরুষ ২২ টি। ১৬ টি আবেদন গুরুত্বপূর্ণ ছিল। সকল আবেদনই সংশ্লিষ্ট কাউন্সিলর ও সমাজের গণ্যমাণ্য ব্যক্তিগণের সমন্বয়ে শালিসী বৈঠকের মাধ্যমে মিমাংসা করা হয় এবং অভিযোগকারীর নিকটে নিষ্পত্তির একটি করে কপি প্রদান করা হয়। জিআরসি সভার রেজুলেশন TLCC সভায় আলোচনা ও অনুমোদন করা হয়। আগামী ০৫/০৭/২০২৪ ইং তারিখের মধ্যে PMO-তে প্রেরণ করা হবে। | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল এর কার্যক্রম অব্যাহত থাকবে। | সমাজ উন্নয়ন কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা |

ক্ষেত্র-২ ঃ নগর পরিকল্পনা।

| ক্রমিক নং | কর্ম তৎপরতা | বাস্তবায়নের সময়সূচী | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত / সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ক) | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | PMO-হতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক | সভায় অবহিত করা হয় যে, পিডিপি'র অন্তর্ভুক্ত ইনভেষ্টমেন্ট তালিকার ১ম পর্যায়ের কিছু প্রকল্প গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো ও এডিপি অর্থায়নে বাস্তবায়ন করা হয়। তাই অগ্রাধিকারক্রমে কিছু প্রকল্প ১ম ও ২য় পর্যায়ে গ্রহণ করা হয় এবং কিছু কিছু প্রকল্প ৩য় পর্যায় হতে পরবর্তী পর্যায়ের জন্য রাখা হয়। বিষয়টি সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয়। অতঃপর গৃহিত প্রকল্প সমূহ বাস্তবসম্মত হওয়ায় তা জনস্বার্থে অগ্রাধিকার ভিত্তিক তা নির্বাচন এবং সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের ১ম পর্যায়ে ২২,০৯,৪৮,১৫৫/- (বাইশ কোটি নয় লক্ষ আটচল্লিশ হাজার একশত পঞ্চান্ন টাকা মাত্র) টেন্ডার চুড়ান্ত পর্যায়ে রয়েছে, ১ম পর্যায়ে ০৯টি ২য় পযায়ে ০৭ টি এবং কোভিড-১৯ প্রকল্প হতে বাস্তবায়নাধীন হিন্দুকান্দি সাখাওয়াতের দোকান হতে বাঙ্গালী নদীর ধার পর্যন্ত আর,সি,সি ড্রেন ও রাস্তা নির্মাণ যাহার প্রাক্কলিত মূল্য ১,০৭,৭৩,৬৫১/- টাকা ই-জিপি টেন্ডার আহ্বান করা হয়েছে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে সারিয়াকান্দি পৌরসভা ভবন নির্মানের জন্য ৪,৫৫,০০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং যাহার নির্মাণ কাজ শুরু হয়েছে। | PMO-র নির্দেশনা মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | সহকারী প্রকৌশলী |
| খ) | উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ | পরিপত্রের নির্দেশনা মোতাবেক | নগর পরিকল্পনা ইউনিটের আওতায় সহকারী প্রকৌশলী ও উন্নয়ন কাজে সম্পৃক্ত ও সংশ্লিষ্ট কমিটি এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান ও তদারকী করণ অব্যাহত রাখবেন এবং যে কোন ধরনের সমস্যার সৃষ্টি হলে তৎক্ষনাত পৌর কর্তৃপক্ষকে অবহিত করবেন। | ত্রৈ-মাসিক ভিত্তিতে ২০/০৬/২০২৪ তারিখে এ কোয়ার্টারে নগর পরিকল্পনা ইউনিটের সভায় অনুষ্ঠিত হয়। এ কোয়ার্টারে ০৪ টি আবেদনের মধ্যে ০২ টি প্ল্যান অনুমোদন করা হয়। সংশ্লিষ্ট কমিটি এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান ও তদারকী করছেন। | ত্রৈ-মাসিক ভিত্তিতে ৩০/০৬/২০২৪ ইং তারিখের নগর পরিকল্পনা ইউনিটের সভার কার্যবিবরণী প্রস্তুত করে আগামী ০৫/০৭/২০২৪ ইং তারিখের মধ্যে PMO- বরাবরে প্রেরণ করা হবে। | সহকারী প্রকৌশলী |

ক্ষেত্র-৩ ঃ নারী ও শহুরে জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তি করণ।

| ক্রমিক নং | কর্ম তৎপরতা | বাস্তবায়নের সময়সূচী | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ক) | জেন্ডার কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠণ ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | প্রকল্পের ১ম ধাপে প্রণয়ন এবং ২য় ধাপে বাস্তবায়ন করা হবে। | নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে প্রকল্পের নির্দেশনা মোতাবেক ২০২৪-২০২৯ ইং পর্যন্ত জেন্ডার কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। চলতি কোয়ার্টারে ত্রৈমাসিক ভিত্তিতে ২০২৩-২০২৪ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা করা হয়েছে। | বর্তমান এপ্রিল-জুন/২০২৪ ইং কোয়ার্টারে ২৪/০৪/২০২৪, ২৭/০৫/২০২৪ ও ০৬/৬/২০২৪ তারিখে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। এ কমিটির মাধ্যমে নারী ও পুরুষের মধ্যে বিরাজমান সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, দায়দায়িত্ব, আইনগত, অধিকার ও মূল্যায়নে সমতা আনায়ন এবং নারী পুরুষের বৈষম্য দূরীকরণ, সমাজে নারীদের অধিকার, যৌতুক, বাল্য বিবাহের ক্ষতিকর প্রভাব সম্পর্কে মহল্লাবাসীকে সচেতনতা মূলক বিষয়ে নিয়মিতভাবে উঠান বৈঠক করা হচ্ছে।<br>২০২৩-২০২৪ অর্থ বছরের জেন্ডার খাতে বাজেট বরাদ্দের পরিমান = ৫০,০০০/- টাকা যা সংশোধিত আকারে ৫০,০০০/- টাকায় দাঁড়ায়। ২০২৪-২০২৫ অর্থ বছরে ২,৫৯,০০০/- বাজেটে বরাদ্দ রাখা হয় (২%)। ২০২৪-২৫ অর্থ বছরের কোয়ার্টার ভিত্তিক কর্মপরিকল্পনা করে তা মাসিক সভায় অনুমোদন করা হয়েছে।<br>এপ্রিল-জুন/২৪ কোয়ার্টারে ৩০,০০০/- টাকা খরচ করা হয়েছে। খরচের হার ৬০%। TLCC সভায় আলোচনা শেষে কর্মপরিকল্পনা ও ব্যয় অনুমোদন করা হয়। | | |
| খ) | দারিদ্র হ্রাসের কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও শিল উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠণ ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা | প্রকল্পের ১ম ধাপে প্রণয়ন এবং ২য় ধাপে বাস্তবায়ন করা হবে। | নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে প্রকল্পের নির্দেশনা মোতাবেক ২০২৪-২০২৯ ইং পর্যন্ত PRAP কর্ম-পরিকল্পনা প্রণয়ণ করা হয়েছে। চলতি কোয়ার্টারে ত্রৈমাসিক ভিত্তিতে ২০২৩-২৪ কোয়ার্টার ভিত্তিক বার্ষিক কর্মপরিকল্পনা করা হয়েছে। | বর্তমান এপ্রিল-জুন /২০২৪ কোয়ার্টারে ২৩/০৪/২০২৪, ২৭/০৫/২০২৪ ও ১১/০৬/২০২৪ ইং তারিখে দারিদ্র নিরসন ও শিল উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ৩ টি সভা অনুষ্ঠিত হয়। ২০২৩-২০২৪ ইং পর্যন্ত দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) প্রণয়ন করা হয়। গত ০৩/০৩/২০২৪ তারিখে দারিদ্র হ্রাসকরণ ও শিল উন্নয়ন কমিটি সভায় অনুমোদন করা হয়। পরবর্তীতে পৌর পরিষদের ৩১/০৩/২০২৪ ইং তারিখের মাসিক সভায় অনুমোদন করে চুড়ান্ত কর্মপরিকল্পনা পিএমও | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | | | অফিসে পাঠানো হয়েছে। PRAP বাস্তবায়নের জন্য চলতি ২০২৩-২৪ অর্থ বছরে ১,০০,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে যা সংশোধিত আকারে ১,০০,০০০/- টাকায় দাঁড়ায়। ২০২৪-২০২৫ অর্থ বছরে ২,৫৯,০০০/- বাজেটে বরাদ্দ রাখা হয় (১%)। লিন ও শহরে দরিদ্র শ্রেনীর পুরুষ মানুষের কর্ম সংস্থানের জন্য, কম্পিউটার প্রশিক্ষণ সহ নিম্ন আয় এলাকায় আয় বর্ধনমূলক কর্মসূচী গ্রহন করা হবে। এ কোয়ার্টারে ৬০,০০০/-খরচ করা হয়। খরচের হার ৬০%। TLCC সভায় আলোচনা শেষে কর্মপরিকল্পনা, CAP ও ব্যয় অনুমোদন করা হয়। | | |
| গ) | লিন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য লিন উন্নয়ন কমিটি (LINIC) গঠণ | লিন উন্নয়ন কার্যক্রম প্রকল্পের ১ম ধাপে বাস্তবায়ন করা হবে। | ইতিমধ্যে PMO হতে ১৯টি নিম্ন আয় এলাকার তালিকা অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। পিএমও'র নির্দেশনা মোতাবেক চলতি কোয়ার্টারে ০০ (PG) এবং ১৯টি নিম্ন আয় উন্নয়ন কমিটি (LINIC) গঠণ করে পিএমও তে প্রেরণ করা হয়েছে। | অনুমোদন অপেক্ষায় ১৯টি নিম্ন আয় এলাকার পরিবার জরিপ, প্রাথমিক দল (PG) এবং নিম্ন আয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC) গঠণ করে PMO তে প্রেরণ করা হয়েছে। সারিয়াকান্দি পৌরসভায় লিন এর সংখ্যা ১৯টি ও প্রাথমিক দলে অন্তর্ভূক্ত সদস্য সংখ্যা ২৬২টি। নিয়মিত ভাবে (LINIC) ও PG কমিটির সভা করা হচ্ছে। এ কোয়ার্টারে পিএমও কর্তৃক অনুমোদনের অপেক্ষায় ১৯টি লিন এ প্রতিমাসে একটি করে মোট ১৯টি সভা করতে হবে। এ সভাগুলিতে উপস্থিত সদস্যের মধ্যে মহিলা ২৪৩ জন, পুরুষ ১৯ জনসহ মোট ২৬২ জন। TLCC সভায় আলোচনা শেষে অনুমোদন করা হয়। | PMO হতে হতে আর্থিক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে (LINIC) উন্নয়ন করা হবে। | সমাজ উন্নয়ন কর্মকর্তা/ সদস্য সচিব |

**ক্ষেত্র-৪ ঃ স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি।**

| ক্রমিক নং | কর্ম তৎপরতা | বাস্তবায়নের সময়সূচী | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | চলমান প্রক্রিয়া | হোল্ডিং ট্যাক্স এর কর্ম পরিকল্পনা মোতাবেক রাজস্ব আহরণের জন্য টীম ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং আগামী ২০২২-২০২৩ অর্থ বছর ২০২৭-২০২৮ অর্থ বছর পর্যন্ত ৫ বছর মেয়াদের জন্য জেনারেল রি-এ্যাসেসমেন্ট বলবৎ থাকবে। | ৪র্থ জেনারেল রি-এ্যাসেসমেন্ট বাস্তবায়নে মাঠ পর্যায়ের তথ্য জরিপ কাজ ইতোমধ্যে ১০০% সম্পন্ন হয়েছে এবং সরকারি ও বে-সরকারি সকল অফিসসহ প্রতিষ্ঠানে এ্যাসেসমেন্ট চুড়ান্ত করে ধার্য্যকৃত পৌর কর অবহিত করা হয়েছে। এ্যাসেসমেন্ট সংক্রান্ত যাবতীয় কার্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। এসেসমেন্টকৃত কম ট্যাক্স ধারী হোল্ডিং এর পূণরায় ট্যাক্স বৃদ্ধির কার্যক্রম চলমান আছে। পৌরসভায় মোট হোল্ডিং সংখ্যা ৪০৮৪টি. (সরকারী ৫৫, বেসরকারী | পৌর এলাকার সকল অফিস/ প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠান সমূহের সম্প্রসারিত ভবনের ক্ষেত্রে বিধি মোতাবেক পৌর কর নিরুপনসহ সকল প্রতিষ্ঠান সমূহে নির্ধারণকৃত পৌর কর গত মার্চ/২০২৪ ইং মাসের মধ্যে 'ফরম-চ' মোতাবেক অবহিত করণ নোটিশ এবং পৌরসভা কর আরোপ ও | সহঃ কর নির্ধারক ও সহঃ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ৪০২৯ টি, কুড়েঘর ০০০)। বে-সরকারী বানিজ্যিক ভবন ৫৭৩ টি, সরকারী ০০০ টি। ২০২৩-২০২৪ অর্থ বছরে হোল্ডিং ট্যাক্স আদায়ের লক্ষ্যমাত্রা বকেয়া দাবী ১৯,১৭,২৭৭/- টাকা, চলতি দাবী ৬২,৮২,৫৫৪ টাকা, মোট দাবী ৮১,৯৯,৮৩১/- টাকা, আদায় হয়েছে মোট ৫৮৪০৩৩২/- টাকা। আদায় হার ৭১ %। ২০২৪-২০২৫ অর্থ বছরে হোল্ডিং ট্যাক্স আদায়ের লক্ষ্যমাত্রা বকেয়া দাবী ২৩,৫৯,৪৯৯/- টাকা, চলতি দাবী ৬২,৮২,৫৫৪/- টাকা, মোট দাবী ৮৬,৪২,০৫৩/- টাকা। বর্তমান কোয়ার্টারে আদায় হয়েছে ১০,৮৯,৪৩৯ /- আদায়ের হার ১৩% । TLCC সভায় আলোচনা শেষে অনুমোদন করা হয়। | আদায় পদ্ধতি ২০১৩ মোতাবেক রিভিউ করা হয়েছিল। ২০২৩-২০২৪ অর্থ বছরে অন্তর্বর্তী এসেসমেন্ট এর মাধ্যমে পৌরসভার সরকারী ও প্রাইভেট সকল হোল্ডিং এর ট্যাক্স বৃদ্ধির কার্যক্রম শেষ করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | কর আদায়কারী |
| খ) | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতিত) | চলমান প্রক্রিয়া | বাজেট বরাদ্দ মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জনে কর বর্হিভূত অন্যান্য রাজস্ব আদায়ের কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | বাজেট বরাদ্দ মোতাবেক হোল্ডিং ট্যাক্স ব্যতিত অন্যান্য রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণে আদায় কার্যক্রম পর্যালোচনা করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে পরোক্ষ কর আদায় হয়েছে ১,১৩,৮৭,৩০৫/- টাকা। টাকা। ২০২৩-২০২৪ অর্থ বছরে আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৫% বৃদ্ধিসহ ১,৫৫,৩২,৫৫০/- টাকা। যার বিপরীতে ২০২৩-২০২৪ অর্থ বছরে আদায় হয়েছে ১,৩৩,১৭,৪৪২/- টাকা। বর্তমান এপ্রিল-জুন/২০২৪ কোয়ার্টারে আদায় হয়েছে ৩৫,৫৩,৩২১/- টাকা সহ মোট ১,৩৩,১৭,৪৪২/- টাকা। । আদায়ের হার ৮৯%। TLCC সভায় আলোচনা শেষে অনুমোদন করা হয়। | ২০২৪-২০২৫ অর্থ বছরের আগামী কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী কোয়ার্টার ভিত্তিক কর্ম-পরিকল্পনা মত পরোক্ষ কর আদায় করা হবে। ২০২৪-২০২৫ অর্থ বছরের রি-এ্যাসেসমেন্টকৃত ধার্য ট্যাক্স পরিকল্পনা মোতাবেক কোয়ার্টার ভিত্তিক আদায়কাজ অব্যাহত থাকবে। | পিএনও/ হিসাব রক্ষণ কর্মকর্তা |
| গ) | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | শতভাগ কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রর্বতন করা হয়েছে। | কম্পিউটার স্থাপন করা হয়েছে, সফটওয়্যারের মাধ্যমে শতভাগ ডাটা এন্ট্রি করা হবে এবং নিয়মিত বিল প্রিন্ট করে গ্রাহকদের নিকট পৌছানোর কার্যক্রম প্রক্রিয়াধীন সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | কম্পিউটারের মাধ্যমে ট্যাক্স বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে আদায় কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এপ্রিল-জুন/২০২৪ কোয়ার্টারে কম্পিউটারের মাধ্যমে বিল প্রিন্ট করা হয়নি। ০০ টি এবং বিতরণ করা হয়েছে ০০ টি। TLCC সভায় আলোচনা শেষে অনুমোদন করা হয়। | ২০২৪-২০২৫ অর্থ বছরের রি-এ্যাসেসমেন্টকৃত ধার্য ট্যাক্স পরিকল্পনা মোতাবেক কোয়ার্টার ভিত্তিক আদায়কাজ অব্যাহত থাকবে। | সহকারী কর আদায়কারী |
| ঘ) | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | শতভাগ পানির বিল নির্ধারণ করা হয়নি। | কম্পিউটার স্থাপন করা হয়নি সফটওয়্যারের মাধ্যমে শতভাগ ডাটা এন্ট্রি সম্পন্ন হয়নি এবং নিয়মিত বিল প্রিন্ট করে গ্রাহকদের নিকট পৌছানো হয়নি।( অত্র পৌরসভায় পানি শাখার কার্যক্রম চালু না। যাহা প্রক্রিয়াধীন) | কম্পিউটারের মাধ্যমে পানির বিল ০% প্রদান এবং ব্যাংকের মাধ্যমে আদায় কার্যক্রম অব্যাহত আছে। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে পানির বিল আদায়ের মোট লক্ষ্যমাত্রা ০/- টাকা। আদায় হয়েছে মোট ০/- টাকা। ২০২৩-২০২৪ অর্থ বছরে পানির বিল আদায়ের মোট লক্ষ্যমাত্রা ০/- টাকা। বর্তমান কোয়ার্টারে আদায় হয়েছে ০/- আদায়ের হার ০% । TLCC সভায় আলোচনা শেষে অনুমোদন করা হয়। | কম্পিউটার স্থাপন করা হয়নি সফটওয়্যারের মাধ্যমে শতভাগ ডাটা এন্ট্রি সম্পন্ন হয়নি এবং নিয়মিত বিল প্রিন্ট করে গ্রাহকদের নিকট পৌছানো হয়নি।( অত্র পৌরসভায় পানি শাখার কার্যক্রম চালু না। যাহা প্রক্রিয়াধীন) সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | তত্ত্বাবধায়ক/ বিল ক্লার্ক |

ক্ষেত্র-৫ ঃ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা ।

| ক্রমিক নং | কর্ম তৎপরতা | বাস্তবায়নের সময়সূচী | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/ সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময় সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
